গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৪.১১.০১৩.২৩.(অংশ-১).৬৭১

তারিখ: ২৫ কার্তিক, ১৪৩৩ / ১০ নভেম্বর, ২০২৬

নিয়োগপত্র

পরিকল্পনা বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতভুক্ত **'কম্পিউটার অপারেটর'** পদে জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর টাকা: ২৪০০০-৫৮০০০/-(গ্রেড-১৩) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে বর্ণিত শর্তসাপেক্ষে পরিকল্পনা বিভাগে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	রোল নং	প্রার্থীর নাম পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	১২০০০৬২৫	জনাব আরমান হোসেন পিতা: আবু বকর সিদ্দিক মাতা: কলি বেগম	গ্রাম: বাদেহালালীয়া ডাকঘর: হালালীয়া উপজেলা: মির্জাপুর জেলা: টাঙ্গাইল	গ্রাম: বাদেহালালীয়া ডাকঘর: হালালীয়া উপজেলা: মির্জাপুর জেলা: টাঙ্গাইল
২.	১২০০০৪৭৩	জনাব মো: আসাদুজ্জামান নূর পিতা: মো: আব্দুল কাদির মাতা: সখিনা খাতুন	গ্রাম: গাঁইলাড়া ডাকঘর: সরিস্তলা উপজেলা: পূর্বধলা জেলা: নেত্রকোনা	গ্রাম: গাঁইলাড়া ডাকঘর: সরিস্তলা উপজেলা: পূর্বধলা জেলা: নেত্রকোনা
৩.	১২০০০৭৯৩	জনাব রঞ্জিত চন্দ্র দে পিতা: জহরলাল দে মাতা: আন্না রানী দে	গ্রাম: উত্তর বাটামারা ডাকঘর: কাশিগঞ্জ উপজেলা: বোরহানউদ্দিন জেলা: ভোলা	গ্রাম: উত্তর বাটামারা ডাকঘর: কাশিগঞ্জ উপজেলা: বোরহানউদ্দিন জেলা: ভোলা
৪.	১২০০০৫৭০	জনাব আল-ইসলাম পিতা: মো: আব্দুস সালাম মাতা: আয়েশা বেগম	গ্রাম: চরভজেশ্বর মোল্লাকান্দি ডাকঘর: জপসা উপজেলা: নড়িয়া জেলা: শরীয়তপুর	বাসা#৭৭, দয়াগঞ্জ রোড, ওয়ারী ডাকঘর: গেন্ডারিয়া উপজেলা: ঢাকা সদর জেলা: ঢাকা

০২। **শর্তাবলি:**

১. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২. চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র (রঙ্গিন), আবেদনপত্র (Applicant's Copy) (রঙ্গিন) এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে।

৩. চাকরিতে যোগদানের পর দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;

৪. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপ টেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

৫. এ নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে। চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;

৬. চাকরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";

৭. The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

৮. চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

৯. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

১০. চাকরিতে তার জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;

১১. চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ হতে অব্যাহতি বা ইস্তফা নিবেন, সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

১২. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো বিষয় প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

১৩. চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৩। অনুচ্ছেদ ০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে, নিয়োগপ্রাপ্ত প্রার্থী আগামী ২৩ নভেম্বর ২০২৬ তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (ভবন নং-০৯, কক্ষ নং- ০৩) বরাবর উপস্থিত হয়ে যোগদান পত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে আগ্রহী/সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

১০/১১/২০২৬

(মোঃ গোলাম মোছাদ্দেক)
অতিরিক্ত সচিব
প্রশাসন অনুবিভাগ
ফোন: ৪৮১১২৫০৬
Email: ads.admin@plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৪.১১.০১৩.২৩.(অংশ-১).৬৭১

তারিখ: ২৫ কার্তিক, ১৪৩৩ / ১০ নভেম্বর, ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯) সিভিল সার্জন ..... জেলা) (সরকারি চাকরিতে যোগদানের ক্ষেত্রে স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
১০) সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। (সচিবের সদয় অবগতির জন্য)।
১১) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২) চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩) হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪) জনাব/বেগম.....
১৫) অফিস কপি।

১০/১১/২০২৬

(মৌসুমী জেরীন কান্তা)
সিনিয়র সহকারী সচিব